গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

প্রজ্ঞাপন

তারিখ: ২০ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/০৩ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১০২-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিদ্যুৎ জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর আওতায় Build, Own, Operate and Transfer (BOOT) পদ্ধতিতে কক্সবাজারের মহেশখালি দ্বীপে দৈনিক ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন একটি 'Floating LNG Storage and Regasification Facility' স্থাপন শীর্ষক প্রকল্পে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান Excelerate Energy Bangladesh Limited (EEBL), অতঃপর টার্মিনাল কোম্পানি বলিয়া উল্লিখিত, এর ক্ষেত্রে–

Scanned with CamScanner

(ক) কেবল উক্ত প্রকল্প হইতে টার্মিনাল কোম্পানির অর্জিত আয়ের উপর প্রকল্পের উৎপাদন আরম্ভ হইবার তারিখ হইতে পরবর্তী ১৫ (পনের) বৎসরের জন্য,

(খ) টার্মিনাল কোম্পানিতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়ের উপর বাংলাদেশে আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য,

(গ) টার্মিনাল কোম্পানি কর্তৃক প্রদেয় Royalties, Technical Know-how Fees and Technical Assistance Fees এর উপর,

(ঘ) টার্মিনাল কোম্পানি কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর, এবং

(ঙ) টার্মিনাল কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর, উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। টার্মিনাল কোম্পানিকে যথাযথভাবে উহার হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner